

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSE-A-3

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা ও অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) 'শজারুর কাঁটা' কেবল একটি গোয়েন্দা উপন্যাস নয়, তা একটি জটিল পারিবারিক সম্পর্কেরও কাহিনি। — আলোচনা
করো। ১০

অথবা

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসের কাহিনি অবলম্বনে এর গঠনগত বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ১০

২। (ক) প্রফেসর শঙ্কুর যে-কোনো একটি কাহিনি অবলম্বনে তা কেন একটি সার্থক কল্পবিজ্ঞানের গল্পরূপে বিবেচিত হবে, বুঝিয়ে
দাও। ১০

অথবা

(খ) প্রফেসর শঙ্কুর বিভিন্ন কাহিনিতে রয়েছে বিজ্ঞানের সঙ্গে মানবিক সম্পর্কের কথা, প্রাসঙ্গিক কাহিনি অবলম্বনে বিষয়টি বুঝিয়ে
দাও। ১০

৩। (ক) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের সূচনায় লেখিকা বলেছিলেন— "আমার এই ভূতদের একটু সুনজরে দেখতে হবে"— বইয়ের
প্রাসঙ্গিক দুটি কাহিনি অবলম্বনে এই মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

(খ) 'অহিদিদির বন্ধুরা' গল্পে অহিদিদির বন্ধু কারা ছিল? একটি অলৌকিক কাহিনিরূপে গল্পটির সার্থকতা বিশ্লেষণ করো।

৩+৭

৪। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাস অবলম্বনে দীপার বাপের বাড়ির রক্ষণশীলতা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

অথবা

(খ) 'শজারুর কাঁটা' কাহিনির আততায়ী কেন শজারুর কাঁটা ব্যবহার করে একের পর এক খুনগুলি করেছিল? ৫

Please Turn Over

(2211)

৫। (ক) শঙ্কুর প্রতিবেশী অবিনাশবাবুর চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

৫

অথবা

(খ) প্রফেসর শঙ্কুর ডায়ারিটির অদ্ভুত বৈশিষ্ট্যগুলি কী ছিল?

৫

৬। (ক) “যে বইতে ছবি নেই, সে-বই আমরা পড়ি না।”— কথাটি কে কাকে বলেছিল? এই উক্তির তাৎপর্য বুঝিয়ে দাও।

(১+১+৩)

অথবা

(খ) “একটা ভালো বরও চাইতে পারিস না, তুই এটার যোগ্য নোস!”— কে কাকে এই কথাগুলি বলেছিল? কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+৩

৭। টীকা লেখো (যে-কোনো একটি)—

৫×১

(ক) গুণময় দাসের হত্যাকাণ্ড

(খ) বিধুশেখর-এর আকৃতিগত বৈশিষ্ট্য

(গ) অলৌকিক কাহিনিরূপে ‘আছিরিটোলার বাড়ি’।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো—

১×১৫

(ক) ‘শজারুর কাঁটা’ উপন্যাসটি কোন সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(খ) উদয়মাধব তাঁর নাটনিকে কী নামে ডাকতেন?

(গ) দেবশিশু ভট্ট-র আসল পদবি কী ছিল?

(ঘ) ‘শজারুর কাঁটা’-য় উল্লিখিত একজন বিখ্যাত কবির নাম লেখো।

(ঙ) ‘শজারুর কাঁটা’ কাহিনিতে চলচ্চিত্রাভিনেতা চরিত্রটির নাম কী?

(চ) প্রফেসর শঙ্কুর বিশ্বস্ত ভৃত্যের নাম কী ছিল?

(ছ) প্রফেসর শঙ্কুর প্রথম গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(জ) প্রফেসর শঙ্কুর বাসস্থান ও গবেষণাগার কোন শহরে ছিল?

(ঝ) ‘প্রফেসর শঙ্কু ও ম্যাকাও’ গল্পের ম্যাকাও পাখিটি কোন দেশের পাখি ছিল?

(ঞ) প্রফেসর শঙ্কুর গল্পমালার কোন কাহিনিতে মৃতের পুনর্জন্মলাভের প্রসঙ্গটি আছে?

(ট) ‘সব ভুতুড়ে’ গ্রন্থটি লেখিকা কাকে উৎসর্গ করেছিলেন?

(ঠ) “হাপ-ঝি, হাপ-পাপোশ বলতে পারিস।”— কোন গল্পে কার উক্তি?

(ড) “মেয়েদের সঙ্গে আমি বড় একটা কথা বলি না।”— কোন গল্প থেকে উক্তিটি উদ্ধৃত?

(ঢ) ‘নটরাজ’ গল্পে নটরাজের পেশা কী ছিল?

(ণ) ‘কাঠপুতলি’ গল্পের পটভূমি ভারতের কোন শহর?